তারিখ ... 12 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

যুগান্তর

# সরকারি হল আরও ৭৯ হাইস্কুল

যুগান্তর রিপোর্ট

উপজেলা পর্যায়ে আরও ৭৯টি বেসরকারি হাইস্কুল সরকারি হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এরই মধ্যে এ ব্যাপারে নীতিগত অনুমোদন দিয়েছেন। সোমবার এ সংক্রান্ত তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেছে। এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন। জানা গেছে, তালিকা পাওয়ার পরই সোমবার বিকালে দায়িত্বপ্রাপ্ত সচিব এএস মাহমুদ, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ, হেলাল উদ্দিনকে নিয়ে শিক্ষামন্ত্রী বৈঠক করেন। সেখান থেকে জাতীয়করণ হওয়া স্কুল সম্পর্কে যাচাই-বাছাই না হওয়া পর্যন্ত কঠোর গোপনীয়তার মধ্যে তালিকা রাখার নির্দেশনা দেয়া হয়।

সূত্র জানায়, দু'একদিনের মধ্যে ওই তালিকা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে (মাউশি) পাঠানো হবে। পাশাপাশি এসব প্রতিষ্ঠানে সব ধরনের নিয়োগে নিষেধাজ্ঞা আরোপ করা হবে। এছাড়া মাউশিকে এসব প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দিতে বলা হবে। উল্লেখ্য, দেশের প্রতি উপজেলায় একটি করে বেসরকারি স্কুল ও কলেজ সরকারীকরণের সিদ্ধান্ত আছে সরকারের। এরই অংশ হিসেবে কয়েকদিন আগে ১৯৯ কলেজ সরকারি করা হয়। ওই তালিকা সোমবার যুগান্তরে ছাপা হয়েছে। দেশে বর্তমানে ৩৩৫টি সরকারি হাইস্কুল আছে।